# বাংলাদেশিদের জন্য ফের ভারতীয় বিজনেস ভিসা চালু

- A Monitor Desk Report Date: 20 November, 2025




**ঢাকাঃ ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন, সীমিত মানবসম্পদের মধ্যেও বাংলাদেশের জন্য ব্যবসায়িক ভিসা ইস্যু কার্যক্রম আবার শুরু হয়েছে।**

জরুরি আবেদনগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত প্রক্রিয়ায় করা হচ্ছে।

মঙ্গলবার (১৮ নভেম্বর)রাজধানীর বারিধারায় ভারতীয় হাইকমিশন প্রাঙ্গণে আয়োজিত নেটওয়ার্কিং ও জ্ঞান বিনিময় অনুষ্ঠান 'ফার্মা কানেক্ট'-এ তিনি এ কথা বলেন।

বুধবার (১৯ নভেম্বর)ভারতীয় হাইকমিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

হাইকমিশনার বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সক্ষমতার সীমাবদ্ধতার কারণে কিছু ভিসা আবেদন কেন্দ্রে সাময়িকভাবে বন্ধ রাখতে হয়েছিল। তবে এখন সীমিত কর্মী দিয়েই প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক ভিসা ইস্যু পুনরায় শুরু হয়েছে।

জরুরি ভিসা আবেদনগুলো আমরা দ্রুত প্রক্রিয়ার চেষ্টা করছি জানিয়ে তিনি আরও বলেন, ভারত বাংলাদেশের জন্য একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য অংশীদার হিসেবে রয়ে গেছে। বিশেষ করে এপিআই সোর্সিং, প্রক্রিয়া প্রযুক্তি এবং ওষুধ যন্ত্রপাতির ক্ষেত্রে এবং এই খাতে বৃহত্তর সহযোগিতা কেবল শিল্প প্রবৃদ্ধিকেই বাড়িয়ে তুলবে না বরং অঞ্চলজুড়ে লাখ লাখ মানুষের জন্য সাশ্রয়ী মূল্যের এবং সহজলভ্য স্বাস্থ্যসেবাকেও সমর্থন করবে।

ব্যাবসায়িক ভিসার প্রয়োজন হলে আবেদনকারীরা হাইকমিশনের অর্থনৈতিক ও বাণিজ্য সচিবের সঙ্গে যোগাযোগ করলে সুবিধা পাবেন বলেও জানান হাইকমিশনার।

-B